## Prime Minister's meeting with Prime Minister of Spain on the sidelines of G20 Summit in Rome

October 31, 2021

## রোমে অনুষ্ঠিত জি-২০ শীর্ষ সম্মেলনের ফাঁকে স্পেনের প্রধানমন্ত্রীর সঙ্গে প্রধানমন্ত্রীর সাক্ষাৎ

31 অক্টোব্র, 2021

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ইতালীর রোমে অনুষ্ঠিত জি–20 শীর্ষ সম্মেলনের ফাঁকে 31 অক্টোবর 2021 স্পেনের প্রধানমন্ত্রী মিঃ পেড়ো স্যাঞ্চেজ–এর সঙ্গে দ্বিপাষ্কিক বৈঠক করেন।

2.উভয় নেতা ক্রমবর্ধমান দ্বিপাক্ষিক ব্যবসা–বাণিজ্য ও বিনিয়োগের বিষয়ে এবং এয়ারবাস স্পেন থেকে 56টি সি295টি এয়ারক্র্যান্ট সংগ্রহের জন্য সমঝোতাপত্র শ্বাক্ষরে সন্তোষ প্রকাশ করেন। এর মধ্যে 40 টি বিমান টাটা অ্যাডভান্সড সিস্টেমস ভারতে তৈরি করবে। বৈদ্যুতিন পদ্ধতিতে যোগাযোগ, পরিবেশ বান্ধব প্রযুক্তি, উন্নত ধাতব পদার্থ এবং গভীর সমুদ্রে উত্তোলনের মতো ক্ষেত্রে দ্বিপাক্ষিক সহযোগিতা বৃদ্ধির বিষয়ে উভয় নেতা সহমত পোষণ করেন। প্রধানমন্ত্রী স্পেনকে পরিবেশ বান্ধব হাইড্রোজেন স্থালানী, পরিকাঠামো এবং প্রতিরক্ষা সরঞ্জাম উৎপাদনে বিনিয়োগের আহ্বান জানান। এছাড়াও ভারতের জাতীয় পরিকাঠামো পাইপ লাইন, সম্পদের মুদ্রাকরণ পরিকল্পনা এবং গতিশক্তি প্রকল্পের সুবিধা নিতে পরামর্শ দেন।

3.উভয় নেতা ভারত-ইউরোপীয় ইউনিয়নের সম্পর্ক, জলবায়ু পরিবর্তন সমস্যার সমাধানে সহযোগিতা এবং আসন্ন সিওপি26 সম্মেলনের বিষয়ে আলোচনা করেন। এছাড়াও পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট আঞ্চলিক ও আন্তর্জাতিক বিভিন্ন বিষয় আলোচনায় স্থান পেয়েছে। এর মধ্যে আফগানিস্তান ও ভারত প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের বর্তমান পরিস্থিতি উল্লেখযোগ্য।

4.প্রধানমন্ত্রী আগামী বছর মিঃ স্যাঞ্চেরে ভারত সফরের সময় তাঁকে স্বাগত জানানোর জন্য অধীর আগ্রহে অপেক্ষা করে আছেন বলে জানান।

রোম,

31 অক্টোবর, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.